গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়, গোপালগঞ্জ।
www.cs.gopalganj.gov.bd

স্মারক নং-সিএস/গোপ/২০২৫/৮৬৫

তারিখঃ ২৯/০২/২০২৫খ্রিঃ।

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০১২. ২১-৩০০৬ তারিখ: ০৩/১২/২০২৩ইং মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, গোপালগঞ্জ ও এর নিয়ন্ত্রনাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের রাজস্ব খাতের (১১-২০ গ্রেড) নিম্নলিখিত শূন্য পদ সমূহে জনবল নিয়োগের লক্ষ্যে গোপালগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের (বাংলাদেশের প্রকৃত নাগরিক) নিকট হতে নিম্নবর্নিত শর্তে অনলাইনে (online) http://csgop.teletalk.com.bd আবেদন আহবান করা যাচ্ছে।

ক্র: নং-	পদের নাম	পদের সংখ্যা	বেতন গ্রেড ও স্কেল ২০১৫ অনুযায়ী	শিক্ষাগত যোগ্যতা	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	০২	গ্রেড -১৪ (১০২০০-২৪৬৮০)	১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; ২. কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি সর্বনিম্ন গতি বাংলা প্রতিমিনিটে ২৫ শব্দ এবং ইংরেজি প্রতিমিনিটে ৩০ শব্দ। ৩. সাঁট লিপি সর্বনিম্ন বাংলা প্রতিমিনিটে ৪৫ শব্দ এবং ইংরেজি প্রতিমিনিটে ৭০ শব্দ।	প্রার্থীগণকে গোপালগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে যোগ্য প্রার্থী না পাওয়াগেলে একই ইউনিয়নের পাশ্ববর্তী ওয়ার্ডের প্রার্থীদের নির্বাচন করা হবে। স্বাস্থ্য সহকারীর শূন্যপদের তালিকা (ওয়ার্ড,ইউনিয়ন,উপজেলা ভিত্তিক) সিভিল সার্জনের কার্যালয় এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে।
০২	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	১. কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উর্ত্তীর্ন। ২. কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি সর্বনিম্ন গতি বাংলা প্রতিমিনিটে ২০ শব্দ এবং ইংরেজি প্রতিমিনিটে ২০ শব্দ।	
০৩	ষ্টোর কিপার	০১	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	১. কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ২. স্টোর কিপার পদধারীগনকে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে।	
০৪	স্বাস্থ্য সহকারী	৬১	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	১. কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
০৫	ড্রাইভার	০৪	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	১. কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ২. হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স। ৩. অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন।	

আবেদনের শর্ত ও নির্দেশনাবলী:-

০১	প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
০২	প্রার্থীর বয়স ৩০/০৩/২০২৫ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র জন্মনিবন্ধন সনদের প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমানিত হবে।
০৩	সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহন করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৪	নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসমূহের পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে। একই প্রার্থী যে কোন একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলিয়া বিবেচিত হবে।
০৫	স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪, তারিখঃ ১১/১২/২০২৪খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী যারা পূর্বে সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, স্টোর কিপার, স্বাস্থ্য সহকারী, ড্রাইভার পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের বিজ্ঞপ্তির শর্তানুযায়ী গননাযোগ্য হবে। তারা বর্তমানে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিমূলে উক্ত নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহন করতে পারবেন এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহনের জন্য প্রবেশ পত্র ইসু করা হবে। সিভিল সার্জনের কার্যালয়, গোপালগঞ্জ এর স্মারক নং- সিএস/গোপ/২০২৪/৪৭৯, তারিখঃ ২৭/০১/২০২৪খ্রিঃ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা পূর্বে আবেদন করেছেন তাদের আবেদন বহাল থাকবে এবং তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।
০৬	আগ্রহী প্রার্থীগণ http://csgop.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে অনলাইন এ আবেদন করতে পারবেন।
০৭	সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/আধা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারি বিধি বিধান অনুসরণ করে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (NOC) এর মূল কপি জমা দিতে হবে।

চলমান পাতা-০২

আবু সাঈদ মোহাম্মদ ফারুক

০৮	গাড়ী চালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে নিয়োগবিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের যোগ্য হবেন।	
০৯	স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন (এ ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ডের নম্বর অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে)। তবে সংশ্লিষ্ট শূন্য পদের ওয়ার্ডের বাসিন্দাকে যোগ্য প্রার্থী হিসেবে পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না। সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের মধ্যে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে একই ইউনিয়নের অণ্য ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।	
১০	স্বাস্থ্য সহকারীর শূন্যপদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জনের কার্যালয় এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের (নিজ নিজ) নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে (https://cs.gopalganj.gov.bd) পাওয়া যাবে।	
১১	নিয়োগের ক্ষেত্রে সরকারের পরিচালিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত সর্বশেষ সংশোধণী অনুসরণ করতে হবে।	
১২	কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন আদেশ নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১, তারিখঃ ২৩ জুলাই ২০২৪ মোতাবেক সকল গ্রেডে নিম্নরূপভাবে নির্ধারিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে (ক) মেধাভিত্তিক-৯৩%, (খ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তানদের জন্য -৫%, (গ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠি-১%, এবং (ঘ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য -১%।	
১৩	প্রার্থীকর্তৃক আবেদনপত্রে বর্নিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইত:পূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্নিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয় পত্র ও সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।	
১৪	প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য গোপন/অসত্য/মিথ্যা প্রমানিত হলে অথবা কোন প্রকারের প্রতারনা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ের প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।	
১৫	কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্থ হয়ে থাকেন তবে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।	
১৬	আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।	
১৭	অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলীঃ-	
১৮	আগ্রহী প্রার্থীগণ http://csgop.teletalk.com.bd ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।	
	(ক)	➢ অনলাইন এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১০-০৩-২০২৫ খ্রি: সকাল ০৯.০০ ঘটিকা। ➢ অনলাইন এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শেষ তারিখ ও সময় ৩০-০৩-২০২৫ খ্রি: রাত ১২.০০ ঘটিকা। ➢ উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
	(খ)	Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করেত হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।
	(গ)	Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
	(ঘ)	প্রার্থী online এ পূরনকৃত আবেদন পত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষন করবেন।
১৯	**SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:-**	
	Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষন করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর এর মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ হতে ০৫ পর্যন্ত পদের জন্য (১০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ১২/- টাকা সহ) মোট ১১২/- (একশত বারো টাকা) অফেরত যোগ্য অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।	
	১ম এসএমএস	CSGOP<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। **Example:** csgop ABCDEF & Send to 1622. **Reply sms:** Applicant's Name, TK 112/- will be charged as application Fee. Your PIN is 12345678. To pay fee type CSGOP<space> YES < space>PIN and send to 16222.
	২য় এসএমএস	CSGOP<space> YES < space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে। **Example:** CSGOP YES 12345678. **Reply sms:** Congratulations Applicant's Name, Payment completed successfully for csgop Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).
২০	প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://csgop.teletalk.com.bd অথবা www.cs.gopalganj.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময় জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরন করা বাঞ্ছনীয়।	
২১	SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহনের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় (প্রযোজ্য ক্ষেত্রে) অবশ্যই প্রদর্শন করবেন।	

চলমান পাতা-০৩

ডাঃ আবু সাঈদ মোহাম্মদ ফারুক

২২	শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্ন বর্নিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID এবং Password ব্যবহার করে পুনরুদ্ধার করতে পারবেন।	
২৩	User ID জানা থাকলেঃ	CSGOP<space>Help<space>User<space>User ID and send to 16222. **Example:** csgop Help User ABCDEF
২৪	PIN Number জানা থাকলে:	CSGOP<space>Help<space>PIN<space>PIN No and send to 16222. **Example:** CSGOP Help PIN 12345678.
২৫	অনলাইন এ আবেদন করতে সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল ফেসবুক পেইজে http://www.facebook.com/alljobsbd Teletalk এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাইবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: CSGOP, Post Name, Applicant's User ID ও Contact number অবশ্যই উল্লেখ করতে হবে।	
২৬	প্রাথমিক ভাবে যাচাই বাচাই কৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত,ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজ পত্র সমূহের মূল কপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যয়ন/প্রত্যায়ন সরকারী ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ) কর্তৃক সম্পাদিত হতে হবে।	
২৭	মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজ পত্রের মূল কপি সংগে আনতে হবে।	
	ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র/অনুমতিপত্র। খ) জেলার স্থায়ী বাসিন্দা হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত:) নাগরিকত্ব সনদ। গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র। ঘ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি। ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রমাণক। (ছ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনা সন্তানদের কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র। (জ) ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠী (উপজাতি) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র। (ঝ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র। (ঞ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র। (ট) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক প্রত্যয়নপত্র। (ঠ) ডাউনলোডকৃত Applicant's এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি।	
২৮	এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন,সংযোজন ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগনের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য সিভিল সার্জনের কার্যালয়, গোপালগঞ্জ এর নোটিশ বোর্ডের মাধ্যমে অথবা ওয়েব সাইটে (www.cs.gopalganj.gov.bd) জানা যাবে।	
২৯	বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদে সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।	
৩০	প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।	
৩১	লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিভিল সার্জনের কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে (www.cs.gopalganj.gov.bd) পাওয়া যাবে। এছাড়া QR Code স্ক্যানের মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd/csgop ও ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।	
৩২	ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসাদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।	
৩৩	যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত করা হবে।	

❖ শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

270225

(ডা. আবু সাইদ মোহাম্মদ ফারুক)
কোড নম্বর-১১৪৪৩৬
সিভিল সার্জন, গোপালগঞ্জ।
ও
সদস্য সচিব

29/02/2025

স্মারক নং-সিএস/গোপ/২০২৫/ ৮৯৫/৭(২৪) তারিখঃ ২৭/০২/২০২৫খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয় আগারগাও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৪. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আর্কষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
০৫. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৬. পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৭. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইট এ প্রকাশ করার জন্য সবিনয় অনুরোধ করা হল।
০৮. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
০৯. জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
১০. পুলিশ সুপার, গোপালগঞ্জ।
১১. উপ-সচিব (প্রশাসন-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপ-সচিব, ক্রয় ও সংগ্রহ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি কর্মকমিশন আঞ্চলিক কার্যালয়, গোপালগঞ্জ।
১৪. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গোপালগঞ্জ।
১৫. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, গুলশান-১, ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তিটি অনলাইন এ আবেদন গ্রহনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ।
১৬. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, গোপালগঞ্জ।
১৭. জেলা শিক্ষা কর্মকর্তা, গোপালগঞ্জ।
১৮. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, গোপালগঞ্জ।
১৯. জেলা তথ্য কর্মকর্তা, গোপালগঞ্জ।
২০. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।
২১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সদর/মুকসুদপুর/কাশিয়ানী/কোটালীপাড়া/টুংগীপাড়া, গোপালগঞ্জ।
২২. সম্পাদক, দৈনিক..,গোপালগঞ্জ। উপরোক্ত বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় এক দিন (সকল সংস্করণে)প্রকাশের অনুরোধ সহ।
২৩. নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
২৪. অফিস নথি।

২৭০২২৫

(ডা. আবু সাইদ মোহাম্মদ ফারুক)
কোড নম্বর-১১৪৪৩৬
সিভিল সার্জন, গোপালগঞ্জ।
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেড জনবল নিয়োগ কমিটি, গোপালগঞ্জ।

২৭/০২/২০২৫